# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

স্মারক নং- কোপৌ/নগর পরিকল্পনা ইউনিট/২০২০/৪৬০ তারিখঃ ১৫/১১/২০২০ইং

নোটিশ

এতদ্বারা কোটালীপাড়া পৌরসভার নগর পরিকল্পনা ইউনিটের সম্মানীত সদস্যগনকে জানানো যাইতেছে যে, আগামী ২৬/১১/২০২০ ইং তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০.৩০ ঘটিকার সময় পৌরসভা সম্মেলন কক্ষে এক সভা অনুষ্ঠিত হইবে ।

উক্ত সভায় সম্মানীত সদস্যবৃন্দকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল ।

আলোচ্য সূচী ঃ ১) বিগত সভার কাযবিবরনী পাঠ ও অনুমোদ।
২) UGIIP-III প্রকল্পসহ চলমান উন্নয়ন প্রকল্প সম্পর্কে আলোচনা।
৩) শীতে করোনা ভাইসার সম্পর্কে সচেতনতা বৃদ্ধির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৪) বিবিধ।

২৫/১১/২০২০

(সরদার মাহবুবুর রহমান)
নির্বাহী প্রকৌশলী
ও
সভাপতি
নগর পরিকল্পনা ইউনিট
কোটলীপাড়া পৌরসভা ।

প্রাপকঃ জনাব--------------------------------
--------------------------------
সদস্য/ সদস্য-সচিব
নগর পরিকল্পনা ইউনিট
কোটালীপাড়া পৌরসভা

স্মারক নং- কোপৌ/নগর পরিকল্পনা ইউনিট/2020/৪৬০(১) তারিখঃ ১৫/১১/২০২০ইং

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ
১। মেয়র, কোটালীপাড়া পৌরসভা , কোটালীপাড়া গোপালগঞ্জ।
২। অফিস কপি ।

(সরদার মাহবুবুর রহমান)
নির্বাহী প্রকৌশলী
ও
সভাপতি
নগর পরিকল্পনা ইউনিট
কোটলীপাড়া পৌরসভা ।

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

ফোন নং- ০২৬৬৮৫১২৬৭ (অফিস), ০২৬৬৮৫১৩২৫ (বাসা), ফ্যাক্স ঃ ০২৬৬৮৫১২৬৭

E-mail: mayor_kotali.poura@yahoo.com


## তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প

# নগর পরিকল্পনা ইউনিট

### সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা সিট

তারিখ ঃ ২৮/১১/২০২০ সময় ঃ ১০.৩০ ঘটিকা

| ক্রঃনং | নাম | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব সরদার মাহবুবুর রহমান<br>নির্বাহী প্রকৌশলী<br>কোটালীপাড়া পৌরসভা | সভাপতি | |
| ০২ | জনাব জহিরউদ্দিন<br>সচিব, কোটালীপাড়া পৌরসভা | সদস্য | |
| ০৩ | জনাব আজাদুর রহমান<br>সেনেটারী ইন্সপেক্টর<br>কোটালীপাড়া পৌরসভা | সদস্য | |
| ০৪ | জনাব আবু সাঈদ খান<br>বাজার পরিদর্শক<br>ও বস্তিউন্নয়ন কর্মকর্তা (ভারপ্রাপ্ত)<br>কোটালীপাড়া পৌরসভা | সদস্য | |
| ০৫ | জনাব মাজহারুল ইসলাম<br>উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)<br>কোটালীপাড়া পৌরসভা | সদস্য - সচিব | |

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

## নগর পরিকল্পনা ইউনিট সভার কার্য বিবরনী

সভাপতি ঃ জনাব সরদার মাহবুবুর রহমান, নির্বাহী প্রকৌশলী, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।
স্থান ঃ কোটালীপাড়া পৌরসভা কার্যালয়, গোপালগঞ্জ।
তারিখ ঃ ২৬/১১/২০২০ ইং।
রোজ ঃ বৃহস্পতিবার।
সময় ঃ সকাল ১০.৩০ ঘটিকা।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম স্বাক্ষর ক্রমানুসারে

| ক্র:নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব সরদার মাহবুবুর রহমান | নির্বাহী প্রকৌশলী, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। |
| ০২ | জনাব জহিরউদ্দিন | সচিব, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। |
| ০৩ | জনাব আজাদুর রহমান | সেনেটারী ইন্সপেক্টর, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। |
| ০৪ | জনাব আবু সাইদ খান | বাজার পরিদর্শক ও এসডিও (ভাঃপ্রাঃ) কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। |
| ০৫ | জনাব মাজহারুল ইসলাম | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। |

অদ্যকার সভায় সভাপতিত্ব করেন জনাব সরদার মাহবুবুর রহমান, নির্বাহী প্রকৌশলী, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্য বিবরনী পঠন ও অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় । কার্যবিবরনী সকলের মধ্যে বিতরণ করা হয় । | |
| ০২ | UGIIP-III প্রকল্পসহ চলমান উন্নয়ন প্রকল্প সম্পর্কে আলোচনা। | * কোটালীপাড়া পৌরসভার নির্বাহী প্রকৌশলী জনাব সরদার মাহবুবুর রহমান বলেন UGIIP-III প্রকল্পের কাজ সম্পর্কে জানান যে, UGIIP-III এর চলমান কাজ শেষ করার জন্য ঠিকাদারগণকে তাগিদ দেওয়া হয়েছে। তিনি আরোও জানান যে, UGIIP-III প্রকল্পের আওতায় Phase-1 এর Lot-1 এবং Lot-2 এর কাজ ১০০% শেষ হইয়াছে। Lot-2 এর চূড়ান্ত বিল প্রস্তুত পূর্বক অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করা হইলে অনুমোদন পাওয়া গিয়াছে। এবং Lot-1 এর চূড়ান্ত বিল প্রস্তুত পূর্বক অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক বরাবরে প্রেরণ করা হইয়াছে। Phase-2 এর কাজ ৯৫% শেষ হয়েছে। Phase-2 এর দুইটি প্যাকেজে Re-cast Estimate এর অনুমোদন পাওয়া গিয়াছে। Phase-3 এর আওতায় পৌর সুপার মার্কেট নির্মানের ১টি এবং রাস্তা নির্মানের ০১টি প্যাকেজের কাজ চলিতেছে, গড় অগ্রগতি ৬৫%। ২০১৯-২০ অর্থ বছরে IUIDP এর ৫টি প্যাকেজের কাজের গড় আগ্রগতি ৯০% ।<br>তিনি আরো বলেন, ২০২০-২০২১ অর্থ বছরে LGSP-3 প্রকল্পের আওতায় ২০১৯-২০২০ অর্থ বছরের বরাদ্দে ২০২০-২০২১ অর্থ বছরে ১৩টি প্রকল্পের কাজ চলিতেছে, কাজের গড় অগ্রগতি ৭৭%।<br>জলবায়ু ট্রাষ্ট ফান্ডের আওতায় পৌরসভার গুরুত্বপূর্ণ স্থানে ৩৫৪টি সোলার ষ্ট্রীট লাইট স্থাপন প্রকল্পের কাজ চলিতেছে। কাজের গড় অগ্রগতি ৪০%। | UGIIP-III প্রকল্পসহ চলমান উন্নয়ন প্রকল্প যথাযথভাবে সম্পন্ন করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০৩ | শীতে করোনা ভাইসার সম্পর্কে সচেতনতা বৃদ্ধির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | নগর পরিকল্পনা ইউনিটের সম্মানিত সদস্য এবং কোটালিপাড়া পৌরসভার সেনেটারী ইন্সপেক্টর জনাব আজাদুর রহমান - এই শীতে করোনা পরিস্থিতির দ্বিতীয় ঢেউ আসতে পারে বলে অনেকেই আসঙ্কা করছেন। ইতো মধ্যে করোনায় আক্রান্তের এবং মৃত্যুর সংখ্যা বৃদ্ধি পেয়েছে অতএব আমাদের সকলকে বিষয়টি গুরুত্বের সাথে নিতে হবে। এ পরিস্থিতি মোকাবেলায় জনসমাগম এড়িয়ে চলতে হবে। * যতবেশী পারেন আপনার কণ্ঠনালীকে আদ্র করে রাখুন, কোন অবস্থাতেই শুষ্ক হতে দেয়া যাবে না। * কাজেই তৃষ্ণা পেলেই পানি পান করুন। কণ্ঠনালী যদি শুষ্ক থাকে তবে মাত্র দশ মিনিটেই আপনি এই ভাইরাসে আক্রান্ত হতে পারেন। *৫০ থেকে ৮০ সিসি হালকা গরম পানি পান করুন আর ছোটদের জন্য ৫০ সিসির মধ্যে। *যখনই আপনি মনে করছেন আপনার কণ্ঠনালী শুষ্ক হয়ে আসছে অপেক্ষা না করে দ্রুত পানি পান করুন। * সবসময় হাতের কাছে বিশুদ্ধ পানি রাখুন। * একবারে প্রচুর পানি পান করে লাভ নেই, বরং অল্প অল্প বিরতিতে অল্প অল্প পান করে কণ্ঠনালীকে সব সময় ভিজিয়ে রাখুন। * জনাকীর্ণ জায়গা থেকে দূরে থাকুন। * ট্রেন, বাস এবং যে কোন পাবলিক ট্রান্সপোর্টেশানে মাক্স পরুন। * ভাজাপোড়া এড়িয়ে চলুন। * যে সব খাবারে প্রচুর ভিটামিন সি আসে সেই খাবারগুলো বেশী করে খান।<br>এ প্রসঙ্গে নগর পরিকল্পনা ইউনিটের সম্মানীত সদস্য জনাব আবু সঈদ খান বলেন - করোনা ভাইরাস হওয়ার লক্ষণ সমূহ আমাদের সকলকে জেনে রাখা জরুরী। ১ম লক্ষণ- ঘন ঘণ উচ্চ তাপমাত্রার জ্বর। ২য় লক্ষণ- জ্বরের পর দীর্ঘায়িত কাশি। ৩য় লক্ষণ- বয়স্করে শারীরিক অসুস্থতাবোধ করা, মাথাব্যাথা, বিশেষকরে শ্বাস-প্রশ্বাস জনিত রোগে ভোগা। এছাড়াও শিশুদের হওয়া প্রবণতা বেশি। এই রোগ অত্যন্ত সংক্রামক বা ছোয়াচে। এই রোগে আক্রান্ত হওয়ার আগে সর্বোচ্চ প্রস্তুতি নিন। মনে রাখবেন- ফুসফুসে পৌছানোর আগে করোনা ভাইরাসটি চারদিন পর্যন্ত গলায় থাকে, এই সময়ে আক্রান্ত ব্যক্তি কাশি শুরু করে এবং গলায় ব্যাথা শুরু হয়। যদি তিনি প্রচুর পরিমাণে পানি পান করেন এবং গরম পানি, ভিনেগার বা লবণ দিয়ে জড়ানো ভাইরাসটি নির্মূল করেন, তাহলে খুব শীঘ্রই সুস্থ্য হয়ে উঠবেন। আতংকিত না হয়ে সচেতন হউন। করোনা ভইরাস রোগ প্রতিরোধে রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা ইনষ্টিটিউট (আইইডিসিআর) এর জরুরী হট লাইন নম্বরে কল করুন- ০১৭০০ ৭০০৭৩৭, ০১৯৩৭ ১১০১১, ০১৯৩৭ ০০০০১১, ০১৯২৭ ৭১১৭৮৪, ০১৯২৭৭১১৭৮৫। | করোনা ভাইসার সম্পর্কে দরিদ্র জনগোষ্ঠিসহ সকলের মাঝে সচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৪ | বিবিধ | অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন। | |

২৬/১১/2020.

(সরদার মাহবুবুর রহমান)
নির্বাহী প্রকৌশলী
ও
সভাপতি
নগর পরিকল্পনা ইউনিট
কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। মেয়র, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।
২। জনাব/জনাবা............................................ সদস্য, নগর পরিকল্পনা ইউনিট ।
৩। ......................................................................................... ।
৪। নোটিশ বোর্ড/অফিস নথি, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।